

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ২৬/১০/২০২৩ ইং,

সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

- | | |
|---------------------------|----------------------------------|
| ০১. জনাব মমতাজ বেগম | ০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| ০২. জনাব জোহরা বেগম | ০৮. জনাব মোঃ মতিয়ার রহমান |
| ০৩. জনাব আসমা বেগম | ০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা |
| ০৪. জনাব মোঃ জসীম শেখ | ১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ |
| ০৫. জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা |
| ০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির | ১২. জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে অক্টোবর/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

আলোচ্য সূচি-২:

চেয়ারম্যান সভাকে জানান যে, গত ১৮/১০/২০২৩ তারিখে কামারখালী ইউনিয়নে নদী ভাঙ্গন রোধকল্পে রাজধরপুর থেকে গন্ধখালী এবং পশ্চিম সালামতপুর যাদুঘরের নিকটে নদী ভাঙ্গন রোধকল্পে যে প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হইয়াছে এর জন্য সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এ ইউনিয়নের দীর্ঘদিনের নদী ভাঙ্গনের সমস্যার সমাধান হইবে। এই প্রকল্পের অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পানি সম্পদ প্রতিমন্ত্রী এবং মাননীয় সংসদ সদস্যকে সর্বসম্মতিক্রমে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আলোচ্য সূচি-৩:

চেয়ারম্যান সভাকে আরও জানান যে, রেলপ্রকল্পের কারণে বাজার এলাকায় মূল রাস্তাসহ অন্যান্য রাস্তার ক্ষতি হইবে। এই ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি স্থানীয় প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন করে অন্যত্র অন্যান্য বাজার সংলগ্ন এলাকায় এই ক্ষতিগ্রস্ত রাস্তার মালামাল দিয়ে রক্ষণাবেক্ষণ করা যায় কিনা তা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি-৪:

ইউপি সদস্য জনাব মোঃ আশরাফ মোল্যা প্রস্তাব করেন যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের ট্যাক্স আদায় কার্যক্রমের তেমন কোনো অগ্রগতি নেই। তখন সভাপতি সাহেব সভাকে জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরের ট্যাক্স আদায় কার্যক্রম এই মুহূর্তে করা সম্ভবপর নয়। তবে আগামী দুই বা তিন মাস পর যেকোনো এনজিও বা সংস্থার মাধ্যমে ট্যাক্স আদায় করা হবে। তখন এ প্রস্তাবে সকলেই একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে যে কোনো আগ্রহী যেকোনো এনজিও এর মাধ্যমে ট্যাক্স আদায় করিয়া ইউপি চেয়ারম্যান ও সদস্যদের ইউপি অংশের বকেয়া সম্মানী ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি



তারিখ: ২৬/১০/২০২৩ খ্রি:

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।